অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে চারটি নর্থ কান্ট্রি সম্প্রদায়ে 21টি রূপান্তরমূলক প্রকল্পের ঘোষণা করলেন

টাইকনডেরোগা, কেপ ভিনসেন্ট, লায়ন্স ফলস এবং ওয়াডিংটনে প্রকল্প ঘোষিত

প্রকল্পের রেন্ডারিং পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে দুইটি অর্থনৈতিক বিকাশ কর্মসূচি: ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative, DRI) এবং NY ফরোয়ার্ডের (NY Forward) অংশ হিসেবে নর্থ কান্ট্রি অঞ্চলের জন্য মোট 21টি রূপান্তরমূলক প্রকল্পের ঘোষণা করেছেন। DRI এর 10 মিলিয়ন মার্কিন ডলারের রাউন্ড 6 বিজয়ী টাইকনডেরোগার জন্য আটটি প্রকল্পের ঘোষণা করা হয়; NY ফরোয়ার্ডের 4.5 মিলিয়ন মার্কিন ডলারের রাউন্ড 1 বিজয়ী কেপ ভিনসেন্টের জন্য 5টি প্রকল্পের ঘোষণা করা হয়; NY ফরোয়ার্ডের 2.25 মিলিয়ন মার্কিন ডলারের রাউন্ড 1 বিজয়ী লায়ন্স ফলসের জন্য 4টি প্রকল্পের ঘোষণা করা হয়; এবং NY ফরোয়ার্ডের 2.25 মিলিয়ন মার্কিন ডলারের রাউন্ড 1 বিজয়ী ওয়াডিংটনের জন্য 4 টি প্রকল্পের ঘোষণা করা হয়।

"ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের ডাউনটাউনের জন্য অত্যাবশ্যকীয় সমর্থন প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "নর্থ কান্ট্রির জন্য এই তহবিলটি নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করা, পর্যটক আকৃষ্ট করা, এবং আগামী প্রজন্মসমূহের জন্য অর্থনৈতিক সুযোগের সূচনা করার ক্ষেত্রে সম্প্রদায়সমূহের পরিকল্পনা বাস্তব করতে তাদেরকে সাহায্য করবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ অর্থদান

2023 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের নর্থ কান্ট্রি বিজয়ী হিসেবে টাইকনডেরোগা টাউনের নাম ঘোষণা করা হয়। নির্বাচিত 8টি প্রকল্পের উদ্দেশ্য লা শ্যুট রিভার, লেক জর্জ এবং লেক চ্যাম্পলেইনকে পটভূমিতে রেখে একটি প্রাণবন্ত, আঞ্চলিক ব্যবসা ও সাংস্কৃতিক কেন্দ্র তৈরি করা যা ঐতিহাসিক মন্টকাম স্ট্রিট করিডোরের সংলগ্নে বৈচিত্র্যময় কেনাকাটা, খাওয়াদাওয়া, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক সুযোগ প্রদান করবে।

অতীতের বিনিয়োগের সাথে মিলিত হয়ে নতুন বিনিয়োগটি ঐতিহাসিক ডাউনটাউন ভবনের পুনর্বাসন এবং অভিযোজিত পুনর্ব্যবহার এবং মিশ্র আয়ের আবাসিক সুযোগকে অন্তর্ভুক্ত করে এমন ইনফিল ডেভেলপমেন্টের জন্য একটি বলীয়ান পরিবেশ তৈরি করবে।

DRI বিনিয়োগগুলি হলো নর্থ কান্ট্রিতে অর্থনীতিকে পুনর্জীবিত করা এবং এখানে আরো সুযোগ সৃষ্টির জন্য গভর্নরের চলমান প্রয়াসের অংশ। DRI এর নেতৃত্ব দেয় ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State, DOS), তারা প্রত্যেক অংশগ্রহণকারী সম্প্রদায়কে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবনের জন্য একটি অনন্য ভিশন সম্পন্ন বিশেষ প্রকল্পসমূহকে সনাক্ত করার জন্য একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠনের সময় কারিগরি সহায়তা প্রদান করে।

DRI এর মাধ্যমে অর্থায়িত হওয়ার জন্য বিশেষ প্রকল্পসমূহ কৌশলী বিনিয়োগ পরিকল্পনার অন্তর্গত একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন শহরের স্থানের অনন্য চেতনাকে একটি আন্তরিক ও খাঁটি অভিজ্ঞতার মাধ্যমে বহুগুণ বৃদ্ধি করা যা ভবিষ্যতের গঠনমূলক বিকাশের জন্য অনুঘটক হিসেবে কাজ করবে এবং এমন বিকাশ সম্ভব করবে যা অন্তর্ভুক্তিকর হবে এবং একই সাথে এর বলীয়ান ঐতিহ্য ও জাতিগত বৈচিত্র্যকে বরণ করে নিবে।

DRI কর্মসূচির নর্থ কান্ট্রি বিজয়ী সম্প্রদায় প্ল্যাটসবার্গ, ওয়াটারটাউন, সারানাক লেক, পটসড্যাম, ম্যাসেনা, টাপার লেক এবং লোভিলের সাথে টাইকনডেরোগা যোগ দিলো।

পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর হওয়া এবং গতিবেগ বৃদ্ধির সাথে সাথে, DRI এর মাধ্যমে এইসব প্রকল্পে 9.7 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ অন্যান্য আরো সরকারি ও বেসরকারি বিনিয়োগকে কাজে লাগবে।

টাইকনডেরোগা DRI প্রকল্প

লা শ্যুট রিভার, লেক জর্জ এবং লেক চ্যাম্পলেইনের ছবির মতো সুন্দর পটভূমিতে অবস্থিত টাইকনডেরোগা টাউনের পরিকল্পনা হলো একটি প্রাণবন্ত, আঞ্চলিক ব্যবসা ও সাংস্কৃতিক কেন্দ্র তৈরি করা যা ভবিষ্যতের চিন্তা করে এবং এর ঐতিহাসিক পরিচয় ধরে রাখে। এটি মন্টকাম স্ট্রিট সংলগ্নে একটি পথচারী বান্ধব করিডোর তৈরি করবে যেখানে নান্দনিক বিশিষ্ট দোকান ও রেস্টুরেন্ট, ঐতিহ্যের পর্যটন, শিল্প ও পরিবেশ সংক্রান্ত আকর্ষণ এবং সমসাময়িক সেবা থাকবে, এবং একই সাথে এটি ডাউনটাউনের হাঁটা দূরত্বের মধ্যে বাসিন্দা ও পর্যটকেরা যাতে বিভিন্ন ধরনের আউটডোর কর্মকাণ্ডের অভিজ্ঞতা গ্রহণ করতে পারে তার সুযোগ উন্নত করবে।

ডাউনটাউন টাইকনডেরোগায় মন্টকাম স্ট্রিটস্কেপের সৌন্দর্যবর্ধন (3,694,000 মার্কিন ডলার)

- সাজসজ্জামূলক সাইডওয়াকের পেভিং, আলঙ্কারিক রাস্তার বাতি, সজ্জিত গাছ লাগানো ও ল্যান্ডস্কেপিং, উন্নত ক্রসওয়াক এবং পথচারী পরিবেশকে উন্নত করবে এবং অন্যান্য বৈশিষ্ট্যের মাধ্যমে মন্টকাম স্ট্রিটস্কেপের সৌন্দর্যবর্ধন।

একটি ব্র্যান্ডিং, মার্কেটিং, এবং পথ খুঁজে নেওয়ার সাইনেজ উদ্যোগের মাধ্যমে ডাউনটাউন টাইকনডেরোগায় পরিচিতিকে বলীয়ান করা (330,000 মার্কিন ডলার)

- সম্প্রদায় এবং বাজারে টাইকনডেরোগার এবং ডাউনটাউনের ব্র্যান্ডিং বলীয়ান করার জন্য একটি সুসঙ্গত ব্র্যান্ডিং, মার্কেটিং এবং সাইনেজ তৈরি করা।

স্থানীয় ব্যবসাসমূহকে সহায়তা করার জন্য একটি ক্ষুদ্র প্রকল্প তহবিল বাস্তবায়ন করা (600,000 মার্কিন ডলার)

- ক্ষুদ্র আকারের ভবন ও সাইটের উন্নয়নকে সহায়তা করে এবং ক্ষুদ্র ব্যবসাকে সহায়তা প্রদান করে এমন একটি ক্ষুদ্র প্রকল্প তহবিল (Small Project Fund) বাস্তবায়ন করা।

অ্যাডিরন্ড্যাক পারফর্মিং আর্টস সেন্টার তৈরি করা (2,115,000 মার্কিন ডলার)

- নাইটস অফ কলাম্বাস (Knights of Columbus) ভবনের বেজমেন্ট ও নিচতলার উন্নয়ন করে, আরো পাঠ কক্ষ, গ্রুপ পারফর্ম্যান্স/অনুশীলনের স্থান, যন্ত্র মেরামতের দোকান এবং উই আর ইন্সট্রুমেন্টালের জন্য একটি রেকর্ডিং স্টুডিও যোগ করার জন্য দ্বিতীয় তলার সংস্কার, তৃতীয় তলাকে একাধিক সংগঠন ব্যবহার করতে পারবে এমন একটি কো-অপ পারফর্ম্যান্স স্পেসে রূপান্তরিত করা, এবং প্যাভিলিয়নের উন্নয়ন করার মাধ্যমে ভবনটির ব্যবহার বৈচিত্র্যময় করা।

ডাউনটাউনকে লা শ্যুট রিভারফ্রন্টের সাথে সংযুক্ত করার জন্য অ্যাডিরন্ড্যাক ড্রাইভকে সক্রিয় করা (566,00 মার্কিন ডলার)

- রাস্তা এবং পার্কিং উন্নত করে, গাছ লাগিয়ে, মন্টকাম স্ট্রিটের নদীর দিকের পেছনের ফ্যাসেডের স্ক্রিনিং করে এবং ডাউনটাউন ও উন্মুক্ত স্থানের মধ্যকার সংযোগ উন্নত করার মাধ্যমে চ্যাম্পলেইন/ম্যাককর্মিক ইন্টারসেকশন থেকে মন্টকামের সংযোগ পর্যন্ত অ্যাডিরন্ড্যাক ড্রাইভকে উন্নত করা।

108 মন্টকামের হ্যাকার ভবনকে স্থিতিশীল করা (1,265,000 মার্কিন ডলার)

- হ্যাকার ভবনের (Hacker Building) পুনর্বাসন করা যার মধ্যে থাকবে ছাদ প্রতিস্থাপন, অ্যাসবেস্টস এবং ছত্রাক দূর করা, ফ্যাসেডের উন্নয়ন, এবং অন্যান্য সংস্কার কর্মকাণ্ড।

প্রাকৃতিক বৈশিষ্ট্যের প্রচারে লা শ্যুট রিভারফ্রন্টের উন্নয়ন (754,000 মার্কিন ডলার)

- বাইক এবং পথচারীর ট্রেইল উন্নত করে, জলপ্রপাত দেখার স্থান স্থাপন করে, কায়াক ও বাইক ভাড়া নেওয়ার সুবিধা যোগ করে, বাতির ব্যবস্থা করে, ফার্মার্স মার্কেট সুবিধা উন্নত করে, ল্যান্ডস্কেপিং উন্নত করে এবং বেঞ্চ ও ফিটনেস স্টেশনের মতো সুযোগ সুবিধা যোগ করার মাধ্যমে লা শ্যুট রিভারফ্রন্টকে সক্রিয় করা।

স্থানীয় খাদ্য অ্যাক্সেস উন্নত করতে টাই ন্যাচারাল ফুডস কো-অপের পুনরুজ্জীবন (376,000 মার্কিন ডলার)

- একটি ফ্যাসেড সংস্কার যোগ করা, একটি বাণিজ্যিক রান্নাঘরের জন্য প্রস্তুতির স্থান উন্নত করা, একটি ডেলি কাউন্টার যোগ করা, অভ্যন্তরীণ সাজসজ্জা উন্নত করা, ভবনের শক্তি দক্ষতা উন্নত করা এবং ভবনের পেছনের অংশের সংস্কার করার জন্য টাইকনডেরোগা ন্যাচারাল ফুডস কো-অপের (Ticonderoga Natural Food Co-Op) সংস্কার করা।

NY ফরোয়ার্ড অর্থদান

স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করতে DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে। NY ফরোয়ার্ড বিনিয়োগসমূহ হলো নর্থ কান্ট্রির অর্থনীতির পুনরুজ্জীবন এবং আরো সুযোগ তৈরির জন্য গভর্নরের চলমান প্রয়াসের একটি অংশ।

কেপ ভিনসেন্ট NY ফরোয়ার্ড প্রকল্প

কেপ ভিনসেন্ট গ্রামের ছবির মতো সুন্দর, ঐতিহাসিক এবং অনন্য ডাউনটাউন চরিত্র টেকসই অর্থনৈতিক বিকাশের ভিত্তি গড়ে দিবে যা সম্প্রদায়ের ছোট শহরের নান্দনিকতা এবং কৃষিকাজের শেকড়কে সংরক্ষণ করবে ও এর উপর আলোকপাত করবে, এবং একই সাথে আনন্দ এবং বাণিজ্যের জন্য সেইন্ট লরেন্স রিভার এবং লেক অন্টারিওকে টিকিয়ে রাখবে। সামঞ্জস্যপূর্ণ অর্থনৈতিক ও আবাসিক বিকাশের মাধ্যমে, কেপ ভিনসেন্ট এমন একটি সম্প্রদায় হয়ে উঠবে যা সৃজনশীল শিল্পী ও উদ্যোক্তাদের স্বাগত জানায়, বিদ্যমান ও ভবিষ্যৎ বাসিন্দাদের জন্য একটি উচ্চমানের জীবন প্রদান করে এবং পর্যটকদের জন্য একটি অনন্য গন্তব্য হয়ে উঠে।

হাঁটার যোগ্যতা ও বাণিজ্যকে সমর্থন করার জন্য ব্রডওয়েতে ডাউনটাউন স্ট্রিটস্কেপ উন্নত করা (2,689,000 মার্কিন ডলার)

- একটি অনন্য, সুসঙ্গত এবং স্বাগত ডাউনটাউন পরিবেশ তৈরির জন্য ব্রডওয়ে স্ট্রিট করিডোরে স্ট্রিটস্কেপ উন্নয়নের নকশা ও বাস্তবায়ন করা।

ক্লাব স্ট্রিটকে একটি পথচারী বান্ধব জোন হিসেবে পুনঃকল্পনা করা (600,000 মার্কিন ডলার)

- একটি স্বাগত পথচারী বান্ধব জোন তৈরির জন্য ক্লাব স্ট্রিটকে সক্রিয় করা। প্রস্তাবিত উপাদানের মধ্যে রয়েছে অনন্য রাস্তার সার্ফেস এবং অপসারণযোগ্য ব্যালার্ড যাতে ওয়াটারফ্রন্ট পর্যন্ত আরো সুসঙ্গত অ্যাক্সেস তৈরি করা যায়।

একটি গতিশীল ডাউনটাউন ব্যবসায়িক পরিবেশ সমর্থন করার জন্য একটি তহবিল প্রতিষ্ঠা করা (300,000 মার্কিন ডলার)

- ফ্যাসেড উন্নয়ন, বাণিজ্যিক বা মিশ্র ব্যবহারের স্থানের ভবনের উন্নয়ন, ব্যবসায়িক সহায়তা বা পাবলিক আর্ট প্রকল্পের মতো ক্ষুদ্রতর ডাউনটাউন প্রকল্পের একটি ব্যাপ্তি গ্রহণ করার জন্য একটি স্থানীয়ভাবে ব্যবস্থাপিত ম্যাচিং ক্ষুদ্র প্রকল্পের তহবিল প্রতিষ্ঠা করা।

ক্লাব স্ট্রিট ওয়াটারফ্রন্টকে একটি ডাউনটাউন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করা (850,000 মার্কিন ডলার)

- খেলার সরঞ্জাম, কাঠামোবদ্ধ বসার ব্যবস্থা, পানির বৈশিষ্ট্য, প্যাভিলিয়ন, অগ্নিকুণ্ড, সাইনেজ, ল্যান্ডস্কেপিং এবং নতুন ওয়াকওয়ে স্থাপন করার মাধ্যমে একটি ওয়াটারফ্রন্ট পার্ক তৈরি করা।

কেপ ভিনসেন্টের কেন্দ্রে ভিলেজ গ্রিনকে পুনর্জীবিত করা (61,000 মার্কিন ডলার)

- পারফর্ম্যান্স প্ল্যাটফর্ম পুনঃস্থাপন ও উন্নত করা, নতুন ল্যাম্প পোস্ট স্থাপন করা, নতুন দেওয়াল ও ফুলের গাছ যোগ করা এবং সম্প্রদায়ের কেন্দ্রে পাবলিক স্পেস উন্নত করার জন্য বয়িষ্ণু বেঞ্চকে প্রতিস্থাপন করা।

লায়ন্স ফলস NY ফরোয়ার্ড প্রকল্প

ডাউনটাউন লায়ন্স ফলস একটি সক্রিয়, অর্থনৈতিকভাবে প্রাণবন্ত এবং ঐতিহাসিকভাবে সংরক্ষিত, চার মৌসুমের সম্প্রদায় হয়ে উঠবে যা বিনোদনমূলক সুযোগসুবিধার সাথে সংযুক্ত থাকবে। চাকরি কেন্দ্রে গ্রামটির অ্যাক্সেস, মুজ এবং ব্ল্যাক রিভারের প্রাকৃতিক বৈশিষ্ট্য, সক্রিয় পার্ককে ও ট্রেইল, একটি পুনর্জীবিত মিল সাইট, ফলসের সৌন্দর্য, এবং সমৃদ্ধি স্থানীয় ইতিহাসকে কাজে লাগিয়ে লায়ন্স ফলস সকলের জন্য আকর্ষণীয় হয়ে উঠবে।

সংযোগ উন্নত করা এবং স্ট্রিটস্কেপ উন্নয়নের মাধ্যমে লায়ন্স ফলসের ডাউনটাউন অভিজ্ঞতাকে উন্নত করা (1,900,000 মার্কিন ডলার)

- উন্নত ইন্টারসেকশন, ওয়াকওয়ে, ল্যান্ডস্কেপিং, এবং আকর্ষণীয় নকশার উপাদান দিয়ে গ্রামটির সংযোগ এবং স্ট্রিটস্কেপকে রূপান্তরিত ও উন্নত করা হবে যাতে চেরি, ম্যাকঅ্যালিপাইন এবং সেন্টার স্ট্রিটজুড়ে একটি স্বাগত ও অনন্য পথচারী বান্ধব ডাউনটাউন পরিবেশ স্থাপন করা যায়।

ডাউনটাউন লায়ন্স ফলসের জন্য মার্কেটিং এবং ব্র্যান্ডিং তৈরি করা (50,000 মার্কিন ডলার)

- বাসিন্দা, পর্যটক, বিনিয়োগকারী, এবং নির্মাতাদের লক্ষ্য করে ডাউনটাউন মার্কেটিং ও ব্র্যান্ডিং তৈরি করা।

ডাউনটাউন লায়ন্স ফলসের পুনরুজ্জীবনকে উন্নত করার জন্য একটি তহবিল প্রতিষ্ঠা (150,000 মার্কিন ডলার)

- ফ্যাসেড উন্নয়ন, বাণিজ্যিক বা মিশ্র ব্যবহারের স্থানের ভবনের উন্নয়ন, ব্যবসায়িক সহায়তা বা পাবলিক আর্ট প্রকল্পের মতো ক্ষুদ্রতর ডাউনটাউন প্রকল্পের একটি ব্যাপ্তি গ্রহণ করার জন্য একটি স্থানীয়ভাবে ব্যবস্থাপিত ম্যাচিং ক্ষুদ্র প্রকল্পের তহবিল প্রতিষ্ঠা করা।

ঐতিহাসিক লায়ন্স ফলস পাল্প এবং পেপার মিলের পাবলিক স্পেস সক্রিয় করা (150,000 মার্কিন ডলার)

- প্রাক্তন একটি খালি এবং স্বল্প ব্যবহৃত মিল সাইটকে একটি পাবলিক স্পেস হিসেবে পুনর্গঠন করা যেখানে সবুজ স্থান, পাবলিক বসার স্থান এবং নদী দেখার স্থান যোগ করা হবে।

ওয়াডিংটন NY ফরোয়ার্ড প্রকল্প

একটি হোমটাউন গন্তব্য হিসেবে, ওয়াডিংটন ভিলেজ একটি হাঁটার যোগ্য ডাউনটাউন হয়ে উঠবে, যেখানে এর সমৃদ্ধ ঐতিহাসিক স্থাপত্য প্রদর্শন করা হবে এবং একই সাথে বাসিন্দাদের জন্য সুযোগসুবিধা পাওয়ার সুযোগ তৈরি করা হবে, পর্যটকদের অভিজ্ঞতা উন্নত করা হবে এবং অব্যাহত সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে এর শিল্প, সংস্কৃতি এবং খুচরা বিক্রি বিকল্পসমূহের একটি উদার মিশ্রণ সম্প্রসারণ করা হবে। সেইন্ট লরেন্স রিভারের সাথে সম্প্রদায়ের অত্যাবশ্যকীয় সংযোগকে বিনোদন, বাণিজ্য এবং পরিবেশ সংক্রান্ত রক্ষণাবেক্ষণের মাধ্যমে উন্নত করা হবে যা অর্থনীতিকে বলীয়ান করবে।

একটি স্বাগত গন্তব্য তৈরি করতে ডাউনটাউন ওয়াডিংটন স্ট্রিটস্কেপের রূপান্তর (1,000,000 মার্কিন ডলার)

- উন্নত ওয়াকওয়ে, ল্যান্ডস্কেপিং, আকর্ষণীয় নকশার উপাদান এবং স্বাগত ও অনন্য পথচারী বান্ধব ডাউনটাউন পরিবেশ প্রতিষ্ঠার জন্য একটি গেটওয়ে বৈশিষ্ট্য তৈরির মাধ্যমে ভিলেজের গেটওয়ে এবং মেইন স্ট্রিট সংলগ্ন স্ট্রিটস্কেপকে রূপান্তরিত করা হবে

ডাউনটাউন ব্যবসা ও সৌন্দর্যবর্ধন অগ্রসর করতে একটি তহবিল প্রতিষ্ঠা (200,000 মার্কিন ডলার)

- ফ্যাসেড উন্নয়ন, বাণিজ্যিক বা মিশ্র ব্যবহারের স্থানের ভবনের উন্নয়ন, ব্যবসায়িক সহায়তা বা পাবলিক আর্ট প্রকল্পের মতো ক্ষুদ্রতর ডাউনটাউন প্রকল্পের একটি ব্যাপ্তি গ্রহণ করার জন্য একটি স্থানীয়ভাবে ব্যবস্থাপিত ম্যাচিং ক্ষুদ্র প্রকল্পের তহবিল প্রতিষ্ঠা করা।

ডাউনটাউন ওয়াডিংটন ব্র্যান্ড তৈরি করা (50,000 মার্কিন ডলার)

- একটি ব্র্যান্ডিং উদ্যোগ তৈরি করা যেখানে ডাউনটাউন ওয়াডিংটনকে একটি গন্তব্য হিসেবে প্রচার করার জন্য একটি নতুন গ্রামের লোগো, স্লোগান এবং মার্কেটিং উপাদান তৈরি করা হবে।

বুটিক হোটেলে থাকার ব্যবস্থা ও অ্যাপার্টমেন্ট তৈরির জন্য ঐতিহাসিক ক্লার্ক হাউজকে পুনঃস্থাপন করা (1,000,000 মার্কিন ডলার)

- দ্বিতীয় ও তৃতীয় তলায় একটি লবি, খাদ্য সেবা এবং মিটিং স্পেসসহ একটি আনুমানিক 9 কক্ষের বুটিক হোটেল তৈরির জন্য ভবনের সংস্কার করা হবে এবং সেই সাথে চারটি আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অ্যাক্সেসিবল, এক শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট তৈরি করা হবে।

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "স্ট্রিটস্কেপ এবং ফ্যাসেডের সৌন্দর্যবর্ধন থেকে শুরু করে সাংস্কৃতিক শিল্পে মনোনিবেশ, আবাসন এবং পথচারীর অভিজ্ঞতা উন্নত করা পর্যন্ত, এই প্রকল্পসমূহ এইসব সম্প্রদায়ের রূপান্তরে একটি মুখ্য ভূমিকা পালন করবে। ডিপার্টমেন্ট অফ স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটির একটি প্রমাণিত ট্র্যাক রেকর্ড আছে, এবং NY ফরোয়ার্ড কর্মসূচিটি সেই পথ অনুসরণ করে ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহের উপর মনোযোগ প্রদান করে। টাইকনডেরোগা, কেপ ভিনসেন্ট, লায়ন্স ফলস এবং ওয়াডিংটন এবং সম্পূর্ণ নর্থ কান্ট্রিকে অভিনন্দন।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের নর্থ কান্ট্রি প্রাকৃতিকভাবে সুন্দর এবং এই অঞ্চলে অবস্থিত সম্প্রদায়সমূহ নিঃসন্দেহে পূর্ণাঙ্গ নিউ ইয়র্ক স্টেটের সাংস্কৃতিক এবং ঐতিহাসিক প্রাণোচ্ছলতায় অবদান রাখে। ডাউনটাউন এলাকাসমূহকে উন্নত ও পুনর্জীবিত করতে কৌশলী বিনিয়োগ প্রদান করার মাধ্যমে এই প্রাণোচ্ছলতাকে বজায় রাখলে তা শুধু ভবনকে রূপান্তরিত এবং শক্তি দক্ষ সংস্কারকে উৎসাহিত করবে না, বড় পাশাপাশি যারা এখানে বাস করে তাদের জন্য আরো টেকসই ব্যবসা এবং জীবনযাপনের ব্যবস্থা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "চারটি নর্থ কান্ট্রি সম্প্রদায়ের জন্য প্রকল্পের সৌভাগ্যবান সংখ্যা হলো একুশ, এবং সেখানে এইসব ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড অর্থের কল্যাণে রূপান্তরমূলক পরিবর্তন দেখা যাবে। অর্থায়ন সুন্দর স্ট্রিটস্কেপ এবং পার্ক থেকে শুরু করে ক্ষুদ্র ব্যবসার সহায়তা ও ভবনের সংস্কার পর্যন্ত উন্নয়নের একটি মিশ্রণের মাধ্যমে টাইকনডেরোগা, কেপ ভিনসেন্ট, লায়ন্স ফলস এবং ওয়াডিংটনে প্রাণোচ্ছলতা ও অর্থনৈতিক বিকাশকে বৃদ্ধি করার জন্য কৌশলী বিনিয়োগকে সমর্থন করবে।"

হোম এবং কমিউনিটি রিনিউয়াল বিভাগের (Division of Housing and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে গভর্নর হোকল এমন সম্প্রদায় চালিত প্রকল্পকে সমর্থন করছে যা স্থানীয় অর্থনৈতিক বিকাশ উদ্যোগকে অগ্রসর করে এবং নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করে। আজকে টাইকনডেরোগা, কেপ ভিনসেন্ট, লায়ন্স ফলস এবং ওয়াডিংটনের জন্য ঘোষিত 21টি অর্থদান এইসব নর্থ কান্ট্রি সম্প্রদায়ের সমৃদ্ধিতে সাহায্য করার জন্য হাঁটার উপযুক্ততা বৃদ্ধি করবে, স্ট্রিটস্কেপকে আরো সুন্দর করবে, এবং নতুন আবাসন ও ব্যবসায়িক সুযোগ তৈরি করবে।"

নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Regional Economic Development Council, REDC) সহপ্রধানগণ, জেমস ম্যাকেনা এবং ডাঃ ক্যাথরিন মরিস বলেন, "এই অতিরিক্ত DRI এবং NY ফরোয়ার্ড অর্থায়ন চারটি নর্থ কান্ট্রি ডাউনটাউনে কৌশলী পরিকল্পনাকে বাস্তব করবে, জীবনযাত্রার মান উন্নত করবে এবং স্থানীয় অর্থনীতির বিকাশ করবে। সম্প্রদায়সমূহে এর নেতৃত্ব দিয়েছে, তাই রূপান্তরিত সবুজ স্থান, সাংস্কৃতিক ভেন্যু এবং ব্যবসা দেখার জন্য আমরা উদগ্রীব যা টাইকনডেরোগা, কেপ ভিনসেন্ট, লায়ন্স ফলস এবং ওয়াডিংটনকে বাসিন্দা ও পর্যটক সকলের জন্য আরো আকর্ষণীয় করে তুলবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন, "টাইকনডেরোগা সম্প্রদায়ের মানুষ এবং ভবিষ্যতে আস্থা রাখার জন্য টাইকনডেরোগা এবং 114তম জেলার বাসিন্দাদের পক্ষ থেকে আমরা আরেকবার গভর্নরের প্রতি আমাদের সম্মিলিত প্রশংসা ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। টাউন এবং অঞ্চলের দীর্ঘ ও উদযাপিত ইথিয়াসের একটি প্রাণবন্ত নতুন অধ্যায়ের জন্য মানুষ যেই ভিশনকে ভিত্তি হিসেবে বিশ্বাস করে, এই প্রকল্পসমূহ সেই সুচিন্তিত এবং কৌশলী সামঞ্জস্যপূর্ণ ভিশনকে চিত্রিত করে। এইসব চিন্তা ফলপ্রসূ করার ব্যাপারে আরেক ধাপ অগ্রগতি দেখে আমি খুশি এবং এই দারুণ সম্প্রদায়ের সকল সম্ভাবনার প্রতি অসীম আস্থা নিয়ে অগ্রগামী এই পথ তৈরিতে জড়িত থাকা সকল স্টেকহোল্ডারের আমি প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য কেন ব্ল্যাকেনবুশ বলেন, "লায়ন্স ফলসকে অভিনন্দন। নর্দার্ন নিউ ইয়র্কে করদাতার অর্থ ফেরত আসতে দেখে এবং আমাদের সম্প্রদায়সমূহের জন্য প্রত্যক্ষভাবে লাভজনক প্রকল্পে তা ব্যবহার হতে দেখে আমি খুশি।"

টাইকনডেরোগার মেয়র মার্ক রাইট বলেন, "আজকে ঘোষিত প্রকল্পের তালিকা দেখে আমরা অত্যন্ত আনন্দিত। এই সম্পূর্ণ প্রক্রিয়ার জন্য এবং ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগে আমাদের নির্বাচিত হওয়ার জন্য পুরো টাউনের পক্ষ থেকে আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ

জানাতে চাই। এটি আমাদের ডাউনটাউনের জন্য একটি মুখ্য পুনর্গঠন হতে যাচ্ছে যা বহু দশকের ব্লাইট অপসারণ করবে এবং সম্প্রদায়ের অন্যান্য এলাকায় সুযোগ সম্প্রসারণ ও উন্মোচন করবে।"

লায়ন্স ফলসের মেয়র ডোনা ডোলহফ বলেন, "লায়ন্স ফলসে এই প্রক্রিয়া শুরু হতে দেখে আমরা অত্যন্ত আনন্দিত। গ্রাম এবং আশেপাশের এলাকার জন্য এই প্রকল্পসমূহে যেই রূপান্তর নিয়ে আসবে তা দেখার জন্য আমরা উদগ্রীব হয়ে আছি। আপনাদের সকল প্রয়াসের জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ স্টেটকে ধন্যবাদ।"

কেপ ভিনসেন্টের মেয়র জেরি গোল্ডেন বলেন, "গ্রামটির জন্য অনেক আনন্দ নিয়ে, ডাউনটাউন ও কেপ ভিনসেন্টের কেন্দ্রের বিকাশের এইসব সুযোগ পেয়ে আমরা সৌভাগ্যবান। স্টেটের সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ যেহেতু এটি আমাদের স্থানীয় ব্যবসাসমূহকে সাহায্য করবে।"

ওয়াডিংটনের মেয়র মাইকেল জে জারগ্রোবেলনি বলেন, "ওয়াডিংটনের মেয়র হিসেবে ওয়াডিংটনের বহু NY ফরোয়ার্ড প্রকল্পের অর্থায়ন করতে নিউ ইয়র্ক স্টেটের সিদ্ধান্ত নিয়ে আমি অতি আনন্দিত। মেইন স্ট্রিটের পুনঃস্থাপন, ঐতিহাসিক ক্লার্ক হাউজের পুনঃস্থাপন, এবং সেই সাথে ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করার জন্য নিবেদিত তহবিল ও ওয়াডিংটন ব্র্যান্ড তৈরি করা ওয়াডিংটনের পুনরুত্থানের জন্য মুখ্য হয়ে উঠবে। প্রকল্পসমূহ নির্বাচন করা আমাদের স্থানীয় ওয়াডিংটনের বাসিন্দাদের দলের পাশাপাশি, ওয়াডিংটনের সম্ভাবনা উপলব্ধি করা এবং আমাদেরকে উজ্জ্বলতর একটি ভবিষ্যতের দিকে নিয়ে যাওয়ার জন্য আমি বিশেষ ভাবে গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। গ্রামীণ নিউ ইয়র্কের পুনরুজ্জীবনে নিউ ইয়র্ক স্টেট দারুণ অংশীদার প্রমাণিত হয়েছে এবং এই অর্থ হলো নিউ ইয়র্ক স্টেটের ক্ষমতার সদ্ব্যবহার করার জন্য ওয়াডিংটনকে যে বহু সুযোগ প্রদান করা হয়েছে তার মধ্যে একটি। ওয়াডিংটন হলো সেইন্ট লরেন্স রিভারের একটি লুকানো রত্ন; এই অর্থের মাধ্যমে আমরা আশা করছি যে স্বাস্থ্যকর সম্প্রদায়ের জীবনযাপন এবং একটি প্রাণবন্ত অর্থনীতির জন্য একটি পুনরুজ্জীবিত নর্দার্ন নিউ ইয়র্কের প্রতিশ্রুতির একটি মশাল জ্বালানো যাবে বলে আমরা আশা করছি।"

DRI এবং NY ফরোয়ার্ড সম্প্রদায়সমূহ কৌশলী বাস্তবায়ন পরিকল্পনা (Strategic Implementation Plans, SIPs) তৈরি করেছে, এতে তাদের ডাউনটাউনের ভবিষ্যতের জন্য একটি স্পষ্ট ভিশন তৈরি করা হয় এবং সেই ভিশনকে সমর্থন করবে এমন সম্পূরক, রূপান্তরমূলক এবং বাস্তবায়নযোগ্য একাধিক প্রকল্পকে সনাক্ত ও সুপারিশ করে থাকে।একজন নির্ধারিত কনসালটেন্ট এবং DOS কর্মীর সহায়তা নিয়ে, স্থানীয় ও আঞ্চলিক নেতৃবৃন্দ, স্টেকহোল্ডার, এবং সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee, LPC) কর্তৃক SIP নির্দেশিত হয়, এদের সকলেই প্রকল্প নির্ণয়ের সময় বিস্তৃত সম্প্রদায়ের আউটরিচ এবং জড়িতকরণ সম্পাদন করে থাকে।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড সম্পর্কে

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড হলো স্টেটের অর্থনৈতিক বিকাশ নীতিমালার ভিত্তিপ্রস্তর। স্টেটের দশটি অঞ্চলের প্রতিটিতে ডাউনটাউনগুলি যাতে কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এবং বিনিয়োগের অনুঘটক হিসেবে কাজ করতে পারে তার জন্য ডাউনটাউনের

পুনরুজ্জীবনকে ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে 2016 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ তৈরি করা হয়। আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি যাতে স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে তার জন্য পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করতে 2022 সালে NY ফরোয়ার্ড তৈরি করা হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, হোম এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের সহায়তা নিয়ে ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে DRI এবং NY ফরোয়ার্ড একটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলী পরিকল্পনা ও অবিলম্বে বাস্তবায়নকে জোটবদ্ধ করে।উভয় কর্মসূচি প্রত্যেক অঞ্চলে প্রাণবন্ত ডাউনটাউনের অতি গুরুত্বপূর্ণ সম্ভার তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশকে অগ্রসর করছে, জীবনযাত্রার মানের প্রচার করছে, আর্থসামাজিক বিকাশের পালন করছে এবং স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করছে।

DRI এর প্রথম সাতটি রাউন্ডে স্টেট 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি, বৃহত্তর অর্থনৈতিক এবং আবাসিক বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনা রয়েছে এমন পুনরুজ্জীবনের জন্য তৈরি 81টি ডাউনটাউনে বিনিয়োগ করেছে।NY ফরোয়ার্ডের প্রথম দুই রাউন্ডে, স্টেট 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, 43টি ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনে বিনিয়োগ করেছে।

এই বছর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড উভয়ের জন্য অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার করে প্রদান করতে গভর্নরের প্রতিশ্রুতির ফলে স্টেট এখন কর্মসূচি দুইটির শুরুর পর থেকে এর জন্য মোট 1.2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা মোট 122টি সম্প্রদায়কে সেবাদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন